

## মহা যন্ত্রণায় আছেন কবি

আজাদ আলম

মোবাইল খানা বন্ধ করে  
খবর দিল ভগ্ন স্বরে  
গিল্মীর মুখ শুনেই হা  
বিদায় নিল টিউশনিটা!

এক বেতনে মাস কি চলে  
পকেট খালি পক্ষ গেলে  
প্রমোশনটাও মূলতবি  
অর্থাভাবে আছেন কবি।

লেখালেখির বায়না নিয়ে  
ভাত খেয়েছেন ঘি দিয়ে  
প্রকাশকেরা দিচ্ছে তাড়া  
ডেট লাইন কবেই সারা।

লিখতে গেলেই কলম ভাঙ্গে  
জোয়ার যে নেই মরা গাঙ্গে  
বেজায় ব্যাজার কাব্য-দেবী  
শব্দ সংকটে আছেন কবি।

মেয়ের বিয়ে পাকাপাকি  
দেনা পাওনার হিসাব নাকি  
লক্ষ টাকার তিনটে তোড়া  
শুনেই চক্ষু ছানা বড়া!

ঘুম আসে না, জ্বর আসে  
কষ্ট বাড়ে দীর্ঘ শ্বাসে  
সদা শুকনো মুখের ছবি  
মহা যন্ত্রণায় আছেন কবি।